ইত্তেফাক

তারিখ ... ২।৩।৭৯
পৃষ্ঠা ... ৪ কলাম 4 ...

013

# বগুড়ায় তিন দিনব্যাপী জাতীয় ইতিহাস-সম্মেলন

( ভ্রাম্যমাণ রিপোর্টার )

বগুড়া, ১লা মার্চ —বাংলাদেশ ইতিহাস পরিষদের উদ্যোগে আগামী ৪ঠা মার্চ হইতে তিন দিনব্যাপী স্থানীয় ঐতিহাসিক এডওয়ার্ড পার্কে দ্বাদশ জাতীয় ইতিহাস সম্মেলন অনুষ্ঠিত হইবে বলিয়া সরকারীভাবে জানা গিয়াছে। পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী অধ্যাপক শামছুল হক এই সম্মেলনের উদ্বোধন করিবেন বলিয়া আশা করা যাইতেছে।

এই সম্মেলনকে সফল করার জন্য বগুড়ার জেলা প্রশাসক জনাব মোহাম্মদ শহীদুল আলমকে সভাপতি এবং বগুড়া জেলা স্কুলের প্রধান শিক্ষক জনাব তাজমিলুর রহমানকে সম্পাদক করিয়া একটি শক্তিশালী প্রস্তুতি কমিটি এবং কয়েকটি উপপরিষদ গঠন করা হইয়াছে। বস্ত্রমন্ত্রী জনাব আবদুল আলীমকে এই কমিটির প্রধান পৃষ্ঠপোষক এবং নবনির্বাচিত সংসদ সদস্যগণকে পৃষ্ঠপোষক করা হইয়াছে।